গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
আইসিটি শাখা
প্রোগ্রামার
সহকারি মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারি প্রোগ্রামার
অন্যান্যঃ
ডাইরী নং- ০২৬২ তারিখ- ১২/০৪/২৬
স্বাক্ষরঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
ভূমি ব্যবস্থাপনা শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০২০.৩১.৯৩০.২৫-২৫৪

তারিখ: ২৯ চৈত্র, ১৪৩২ / ১২ এপ্রিল, ২০২৬

বিষয়: আগারগাঁও শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকায় প্লট নম্বর: এফ-৯ এর বিভাজিত উপ-প্লট নম্বর: এফ-৯/এ, ৬০ ফুট রোড সংলগ্ন ৩৩ শতাংশ জমি বরাদ্দ প্রদান।

সূত্র: বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়ের ২৪ ডিসেম্বর, ২০২৫ তারিখের ১০.০৩.০০০০.০০০.০০১.৯৯(৩).০০০৮.২৫.৪৫১ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয় এর কার্যালয় স্থাপনের জন্য শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকায় প্লট নম্বর: এফ-৯ এর ৮৩ শতাংশ জমির বিভাজিত উপ-প্লট নম্বর: এফ-৯/এ, ৬০ ফুট রোড সংলগ্ন ৩৩ শতাংশ জমি সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয় এর অনুকূলে প্রচলিত লিজ দলিলের শর্তসহ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে বরাদ্দ প্রদান করা হলো:

শর্তাবলী:

(ক) জমির বরাদ্দপত্র/দখলভার প্রাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে লিজ দলিল সম্পাদনের নিমিত্ত ০২ (দুই) সেট লিজ দলিলের খসড়া এ মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। সম্পাদিত লিজ দলিলের ০১ (এক) কপি মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

(খ) সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর সাথে যোগাযোগপূর্বক বরাদ্দকৃত জমির দখলভার বুঝে নিতে হবে;

(গ) বরাদ্দকৃত জমির উন্নয়ন সংক্রান্ত ব্যয় বরাদ্দ প্রাপক প্রতিষ্ঠানকে বহন করতে হবে। জমি যে অবস্থায় আছে সে অবস্থায় দখল গ্রহণ করতে হবে;

(ঘ) এ বরাদ্দপত্র কোন ক্রমেই বরাদ্দকৃত জমিতে বরাদ্দ প্রাপকের কোন স্থায়ী স্বত্ব/মালিকানা প্রদান করে না এবং এটি হস্তান্তরযোগ্য নয়;

(ঙ) বরাদ্দকৃত জমির কোন অংশ অবৈধভাবে ভাড়া অথবা হস্তান্তর করার অভিযোগ পাওয়া গেলে এবং তা প্রমাণ হলে বরাদ্দ বাতিল করা হবে;

(চ) বরাদ্দকৃত জমির ভূমি উন্নয়ন কর, গ্রাউন্ড রেন্ট ও অন্যান্য সরকারি পাওনাদি বরাদ্দ গ্রহীতা সংস্থা কর্তৃক নির্ধারিত হারে সংশ্লিষ্ট অফিস/তফশিল/ভূমি অফিসে জমা প্রদান করতে হবে;

(ছ) বরাদ্দপত্রের কোন শর্ত ভঙ্গ করলে অথবা যে উদ্দেশ্যে জমি বরাদ্দ দেয়া হয়েছে সে উদ্দেশ্য ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে জমি ব্যবহার করা হলে বরাদ্দ বাতিল করা হবে;

(জ) স্থাপত্য অধিদপ্তরের মাধ্যমে নকশা প্রণয়ন করতে হবে; এবং

(ঝ) উক্ত জমিতে সকল প্রকার নির্মাণ কাজ অনুমোদিত নকশা অনুযায়ী গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে সম্পাদন করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বরাদ্দপত্র জারি করা হলো।


মোহাম্মদ কায়সার খসরু
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৫৫১০১৪৩৪


সচিব
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়
১৫, কলেজ রোড, ঢাকা।

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০২০.৩১.৯৩০.২৫-২৫৪

তারিখ: ২৯ চৈত্র, ১৪৩২ / ১২ এপ্রিল, ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (ভূমি ও পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা অনুবিভাগ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৫. আইন উপদেষ্টা (আইন অনুবিভাগ), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. যুগ্মসচিব (ভূমি ব্যবস্থাপনা অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৮. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৯. সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. চেয়ারম্যানের কান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. নির্বাহী প্রকৌশলী, শেরে বাংলা নগর গণপূর্ত বিভাগ-১/২/৩, ঢাকা
১২. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. সহকারী কমিশনার (ভূমি), তেজগাঁও রাজস্ব সার্কেল, ঢাকা।
১৪. সাব-রেজিস্ট্রার, শেরে বাংলা নগর সার্কেল, তেজগাঁও সাব-রেজিস্ট্রার অফিস, রেজিস্ট্রেশন কমপ্লেক্স, তেজগাঁও, ঢাকা।
১৫. অফিস কপি।

১২/০৪/২৬


মোহাম্মদ কায়সার খসরু
সিনিয়র সহকারী সচিব


CamScanner